ইভনার

সেন্টার ফর ট্রান্সকালচারাল সাইকিয়াট্রি নর্থ নেদারল্যাণ্ড

Datum: 22-02-2010
Copyright 1998 -2010, GGZ Drenthe, Assen (NL). Deze informatie is afkomstig van www.ggzdrenthe.nl/evenaar

ইভনার
ইভনার, সেন্টার ফর ট্রান্সকালচারাল সাইকিয়াট্রি নিবেদন করছে মনোরোগের সমস্যাযুক্ত অভিবাসীদের মানসিক স্বাস্থ্যের সেবা, যাঁরা আন্তর্সাংস্কৃতিক সমস্যা ও তীব্র মানসিক আঘাতের বিরুদ্ধেও লড়াই করতে বাধ্য হচ্ছেন। উত্তর নেদারল্যাণ্ডে সব বয়সের অভিবাসীদের সহায়তা করার জন্য বেইলেনে অবস্থিত রয়েছে দ্য ইভনার। ইভনারে কী ধরনের চিকিৎসা করা হয় তার আঁচ পাবেন এই ব্রোশিওরে।

ইভনার কাদের জন্য ?
ইভনার অভিবাসীদের মানসিক অসুস্থতার চিকিৎসা করে। ইভনার যে চিকিৎসার ব্যবস্থা করে থাকে, সেটি বিভিন্ন সাংস্কৃতিক প্রেক্ষাপট থেকে আসা মানুষদের সাধারণ মানসিক রোগের চিকিৎসার ধরন হিসাবে গৃহীত।

সাধারণ মানসিক অসুস্থতার সেবা হিসাবে যা নিবেদন করা হয়ে থাকে, তা সবসময় হয়ত অভিবাসীদের সেবার দাবি অনুযায়ী হয় না। এর ভিত্তি হিসাবে সাংস্কৃতিক দৃষ্টিকোণকে ধরা যেতে পারে। সাংস্কৃতিক ভিন্নতা যে দূরত্ব তৈরি করে, কখনও কখনও তার মধ্যেও মেলবন্ধন ঘটানো যায়। অবশ্য, তার জন্য অতিরিক্ত সময়, মনোযোগ, এবং সমাজকর্মীদের জ্ঞান প্রয়োজন হয়।

এর সঙ্গে ইভনারের রয়েছে সেইসব মানুষকে সেবা করার সুনির্দিষ্ট জ্ঞান ও অভিজ্ঞতা, যাঁরা বহু নিদারুণ ঘটনাবলীর মধ্য দিয়ে এসেছেন। যেসব ব্যক্তি ইভনারের চিকিৎসায় উপকার পেতে পারেন তাঁরা বেশিরভাগই উদ্বেগ, হতাশা, নিদ্রাহীনতা, দুশ্চিন্তা, দুঃস্বপ্ন এবং শারীরিক বেদনায় ভোগেন। এইসব অনুভূতি সাধারণ জীবনযাপনে বাধা দেয়। এমন বহু মানুষ রয়েছেন যাঁরা মনে করেন নিজেদের জীবনের উপরই তাঁদের আর কোনও নিয়ন্ত্রণ নেই, তাঁরা সব নিয়ন্ত্রণ হারিয়ে ফেলেছেন।

এই চিকিৎসা কীরকম হতে পারে ?
আপনার ডাক্তার (জিপি বা জেনারেল প্র্যাক্টিশনার) অথবা জিজিজেড (মানসিক স্বাস্থ্যের পরিচর্যা কেন্দ্র) ড্রেন্দে-এর একজন সমাজকর্মী আপনাকে ইভনারে পাঠাতে পারেন। এর পর আপনি একটি লিখিত আমন্ত্রণ পাবেন, যা একটি গ্রহণীয় পরামর্শ হিসাবে পরিচিত। পরামর্শের সময় মনস্তত্ত্বের একজন মনোচিকিৎসক এবং সম্ভব হলে একজন থেরাপিস্ট থাকবেন। আমরা মনে করি, এই ধরনের পরামর্শে পরিবারের সদস্যেরা এবং অন্য বিশ্বাসভাজনদেরও যোগদান করা উচিত। যদি দরকার পড়ে একজন অনুবাদককেও আমন্ত্রণ জানানো হবে। এর প্রাথমিক উদ্দেশ্য হল, আপনাকে পরিচিত করে তোলা ও আপনার যেসব সমস্যা ও অভিযোগ আছে সেসব নিয়ে আলোচনা করা। এই আলাপ-পরিচয় একারণেই দরকার যে এর মাধ্যমে বোঝা যাবে ইভনারে চিকিৎসা আদৌ আপনার পক্ষে উপযুক্ত কি না।

প্রত্যেক গ্রহকের জন্য চিকিৎসার একটি পরিকল্পনা ছকে নেওয়া হয়, যেখানে বলে দেওয়া হয় যে আপনার বিষয়টি কার দায়িত্বে থাকবে, আপনার চিকিৎসার লক্ষ্যই বা কী এবং কোন কোন থেরাপি আপনাকে অনুসরণ করতে হবে।

ইভনারে বিভিন্ন ধরনের চিকিৎসার ব্যবস্থা রয়েছে।

আউটপেশেন্ট বিভাগে চিকিৎসা
মানসিক রোগের একজন চিকিৎসক, মনস্তত্ত্ববিদ অথবা একজন সামাজিক মনোরোগের সেবিকার সঙ্গে নিয়মিত ভিত্তিতে কথা বলার মধ্য দিয়ে আউটপেশেন্ট বিভাগে ব্যক্তিগত চিকিৎসা হয়ে থাকে। আপনাকে ওষুধপত্রের সুপারিশও করা হতে পারে।
শিশু বা ছোটদের জন্য বিভিন্ন আউটপেশেন্ট চিকিৎসাও সম্ভব। তবে পরিবারের একজন বা অনেকের মানসিক সমস্যা থাকলে জিজিজেড ড্রেন্দে-এর পারিবারিক ক্লিনিকের সহযোগিতায় কাজ করা সম্ভব।

কখনও কখনও পরামর্শ ও ওষুধপত্রের ব্যবস্থাও আপনার অভাব-অভিযোগ হ্রাস করার পক্ষে যথেষ্ট হয় না। এরকম পরিস্থিতিতে আপনার সঙ্গে আলোচনা-সাপেক্ষে অতিরিক্ত থেরাপি চালু করা যেতে পারে। এই ধরনের থেরাপিতে প্রায়শই কথা বা আলাপ-আলোচনা নয়, কেন্দ্রীয় ভূমিকা নেয় কর্মতৎপরতা। এই থেরাপি কখনও কখনও আলাদা করে কোনও রোগীকে দেওয়া হয়, আবার কখনও একটি দল তৈরি করে প্রয়োগ করা হয়। এর উদাহরণ হল, সাইকোমোটর

Copyright 1998 -2010, GGZ Drenthe, Assen (NL). Deze informatie is afkomstig van www.ggzdrenthe.nl/evenaar

থেরাপি (নড়াচড়া), সৃজনশীল থেরাপি (যেমন ছবি আঁকা বা নাটকে অভিনয় করা) অথবা সিস্টেমিক থেরাপি (পরিবারের সদস্যদের সঙ্গে)।

দিনের বেলায় চিকিৎসা

দিনের বেলায় চিকিৎসার সবচেয়ে অনুপুঙ্খ ধরন হল দু'দিনব্যাপী একটি দলের যোগদান। এটি শুরু হয় একটি মানসিক অভিযোজন পর্ব দিয়ে, যা চলে আট থেকে দশ সপ্তাহ ধরে। এবং এর পর পুরুষ বা মহিলাদের দলের চিকিৎসা পর্ব চলে। এই কর্মসূচিতে ব্যক্তিগত বা দলের পরামর্শমূলক বিভিন্ন থেরাপির ব্যবস্থা থাকে, যা খুব বেশি হলে একবছর পর্যন্ত চলতে পারে। দু'দিনব্যাপী পরামর্শ কর্মসূচির দলের সঙ্গে উত্তর-সেবার ধাঁচে আরও বিভিন্ন দলকে অভ্যর্থনা জানানো হবে।

সক্রিয়তার পরিষেবা

ইভনারের গ্রাহকেরা সারা দিন ব্যবহার করতে পারেন এমন বহু কিছু সম্ভাবনা দিয়ে ভরিয়ে রেখেছে জিজিজেড ড্রেন্দে। বেইলেনে রয়েছে একটি গ্রিনহাউস, একটি বাইসাইকেল মেরামতির ওয়ার্কশপ এবং সাধারণ কাজকর্ম করার একটি কেন্দ্র, যেখানে অন্য অনেককিছুর সঙ্গে রয়েছে জামাকাপড় ও কাঠের কাজের বিভাগ।

আরও তথ্য

এই ব্রোশিওর পড়ার পর আপনার আরও প্রশ্ন থাকলে ইভনারে যোগাযোগ করুন, টেলিফোন (০৫৯৩) ৫৩ ৫৮ ৪২।

Copyright 1998 -2010, GGZ Drenthe, Assen (NL). Deze informatie is afkomstig van www.ggzdrenthe.nl/evenaar

De Evenaar, Centrum voor Transculturele Psychiatrie

জিজিজেড ড্রেন্দে
দ্য ইভনার
সেন্ট্রুম ভুর ট্রান্সকালটুরেলে সাইকিয়াট্রি
আল্টিংগেরওয়েগ ১
৯৪১১ আরএ বেইলেন
পোস্টবাস ৩০০০০
৯৪১০ আরএ বেইলেন
টেলিফোন (০৫৯৩) ৫৩ ৫৮ ৪২
ফ্যাক্স (০৫৯৩) ৫৩ ৫৮ ৫১
ইমেল: deevenaar@ggzdrenthe.nl

ইভনার অবস্থিত ওয়েইজার্ড বিল্ডিংয়ে অবস্থিত। যেসব গ্রাহক প্রথমে আসবেন, তাঁরা যেন পাশের এটস্টোয়েল বিল্ডিংয়ে গিয়ে সেক্রেটারির দফতরে রিপোর্ট করেন।

www.ggzdrenthe.nl

জিজিজেড ড্রেন্দে কী করে ?

জিজিজেড ড্রেন্দে মানসিক স্বাস্থ্যের সেবা–শুশ্রুষায় ভ্রাম্যমাণ, বহির্বিভাগীয় ও নিদানিক কাজ করে থাকে। তিনটি আঞ্চলিক ডিভিশনে মানসিক স্বাস্থ্যের শুশ্রুষা করা হয়: নুর্ড–ড্রেন্দে, জুইদুস্ট–ড্রেন্দে এবং জুইডওয়েস্ট–ড্রেন্দে (উত্তর ড্রেন্দে, দক্ষিণ পূর্ব ড্রেন্দে এবং দক্ষিণ পশ্চিম ড্রেন্দে)। এর সঙ্গে বাড়তি সুবিধা হল, জিজিজেড ড্রেন্দে আরও নিবেদন করে নিদানিক ও ভ্রাম্যমাণ ফরেনসিক মানসিক অসুস্থতার চিকিৎসা।

দুটি নার্সিং হোম ও বয়স্কদের জন্য দুটি হোমে প্রবীণ মানুষদের সেবা ও পরিচর্যার ব্যবস্থা রয়েছে।

প্রতিষেধক, সামাজিক পরিষেবা ও বিজ্ঞান গবেষণার ব্যবস্থা হল জিজিজেড ড্রেন্দের মূল কর্মকাণ্ডের অন্যতম। মানসিক রোগের চিকিৎসক, স্বাস্থ্য পরিচর্যার মনোবিদ, নিদানিক মনোবিদ, সেবিকা ও পরিচর্যাকারী তৈরি হওয়ার মত বহু প্রশিক্ষণের ব্যবস্থা করে জিজিজেড ড্রেন্দে।

ড্রেন্দে অঞ্চলে অবস্থিত কয়েক ডজন শাখায় প্রায় ৩,০০০ মানুষ জিজিজেড ড্রেন্দের জন্য কাজ করেন। প্রতি বছর ১৫,০০০এরও বেশি মানুষ আমাদের পরিষেবা ব্যবহার করে থাকেন।

© ২০০৬ জিজিজেড ড্রেন্দে, আসসেন, নেদারল্যাণ্ড। ZW.023P (11/06)
এই পুস্তিকায় প্রকাশিত সব লেখা ও ছবির সর্বস্বত্ব জিজিজেড ড্রেন্দে–র সংরক্ষিত এবং সেসব আইনানুযায়ী সুরক্ষিত। সম্পূর্ণ বা আংশিক, যেকোনওভাবেই হোক না কেন, এসব ব্যবহার করতে গেলে জিজিজেড ড্রেন্দে–র আগাম লিখিত অনুমতি গ্রহণ করতেই হবে। এব্যাপারে অনুগ্রহ করে কমিউনিকেশনস বিভাগের সঙ্গে যোগাযোগ করুন।